গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা

কার্যক্রমের ক্ষেত্র	মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা	১ম ত্রৈমাসিক অর্জন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
প্রাতিষ্ঠানিক কার্যক্রম	১৫	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।	[১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	সংখ্যা	১০	৪	১	সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে গত ১২-০৯-২০২৩ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
		[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	[১.২.১] আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত/অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	৫	৪	১	আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিত করা হয়েছে।
বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন	১০	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন	[২.১.১] সভা আয়োজিত/প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	৪	৪	১	আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে গত ১০-০৯-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে।
		[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন	[২.২.১] প্রশিক্ষণ/সেমিনার কর্মশালা আয়োজিত/বার্ষিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	৬	১	-	প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজনের জন্য গত ২৩-০৮-২০২৩ তারিখে বাজেট অধিশাখা (প্রশিক্ষণ শাখা)-কে ইউ.ও নোট প্রদান করা হয়েছে।

০২.১০.২০২৩

মোঃ শেখ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়: **২০২৩-২০২৪ অর্থ-বছরের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) ওয়েবসাইটে প্রদর্শন।**

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২০২৪ অর্থ-বছরের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) এর প্রথম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২০২৪ অর্থ-বছরের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: **বর্ণনামতে** ।

১২-৯-২০২৩

সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

মোঃ শেখ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৬৫
ইমেইল:
dsadmin1@emrd.gov.bd

ইউ. ও. নোট নম্বর:
২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.২০০৬

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০
১২ সেপ্টেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) অফিস নথি

১২-৯-২০২৩
মোঃ শেখ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

নম্বর ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১৯৬৩

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০
৩১ আগস্ট ২০২৩

সভার নোটিশ

বিষয়: **জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) সভা।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) সভা এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে নিম্নবর্ণিত সময়ে বর্ণিত লিংকে অনুষ্ঠিত হবে।

Topic: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) সভা।
Time: 10-09-2023, 11:00 AM

Join Zoom Meeting
https://us02web.zoom.us/j/3843724958?pwd=a2YwRHRTOHp2K2dlQWgxN28vK3BXZz09

Meeting ID: 384 372 4958
Passcode: 022022

০২। উক্ত সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের **সংশ্লিষ্ট কর্মকর্তা এবং দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে যথাসময়ে ভার্চুয়ালি যুক্ত** থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **উল্লেখ্য, সভা অনুষ্ঠানের পূর্বে দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।**

৩১-৮-২০২৩
মোঃ শেখ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৬৫
ইমেইল:
dsadmin1@emrd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

৬) মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট

৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৮) উপসচিব, উন্নয়ন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৯) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

১০) উপসচিব, অপারেশন-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	১০-০৯-২০২৩
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লেখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) সভা আহ্বান করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এটি প্রথম কোয়ার্টারের সভা। সভায় দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

১.২। সভায় সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট পরীক্ষা-নিরীক্ষা শেষে জানা যায় যে, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর ওয়েবসাইট ব্যতীত অন্যান্য দপ্তর/সংস্থার ওয়েবসাইটে ২০২৩-২৪ অর্থবছরের প্রথম কোয়ার্টারের সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। সভাপতি বিপিসি ও বিইআরসি'র হালনাগাদকৃত সিটিজেন চার্টার আগামী এক সপ্তাহের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, বিইআরসি'র ওয়েবসাইট হালনাগাদসহ সেবা প্রদান প্রতিশ্রুতি নামে আলাদা একটি সেবা বক্স তৈরি করারও নির্দেশনা প্রদান করা হয়। সভায় বিপিসি'র প্রতিনিধি সভাকে জানান যে, দ্রুত তাদের ওয়েবসাইটে হালনাগাদকৃত সিটিজেন চার্টার আপলোড করা হবে। বিইআরসি'র প্রতিনিধি সভাকে জানান যে, আগামী এক সপ্তাহের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি নামে আলাদা একটি সেবা বক্স তৈরি করে হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা হবে।

১.৩। সভায় পেট্রোবাংলার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পেট্রোবাংলার সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ বিভাগের অধীন হাইড্রোকার্বন ইউনিট, জিএসবি, বিএমডি, বিস্ফোরক পরিদপ্তর এবং বিপিআই এর প্রতিনিধিগণ সভাকে জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে তারা তাদের স্ব স্ব সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করেছেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করাসহ ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রথম কোয়ার্টারের সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন এবং সকল দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন করারও নির্দেশনা প্রদান করেন।

১.৪। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল কার্যক্রম রয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া, সকল দপ্তর/সংস্থা ত্রৈমাসিকভিত্তিতে তাদের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিত করবেন। তবে আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে এবং উক্ত সভায় কোন কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন তাদের নাম ও স্বাক্ষরসহ হাজিরা এ বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লেখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী প্রথম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের সকল প্রমাণক নির্ধারিত সময়ের (১৫ অক্টোবর/২০২৩) মধ্যে এ বিভাগে প্রেরণের জন্যও সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের বিষয়ে উপস্থিত সকলকে আরও তৎপর এবং দপ্তর/সংস্থা কর্তৃক হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

০২। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তের বিবরণ	বাস্তবায়নে
২.১	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা
২.২	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র হালনাগাদকৃত সিটিজেন চার্টার আগামী এক সপ্তাহের মধ্যে তাদের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;	বিপিসি
২.৩	বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) তাদের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি নামে আলাদা একটি সেবা বক্স তৈরি করে প্রথম কোয়ার্টারের সিটিজেন চার্টার প্রকাশ করবে; এবং	বিইআরসি
২.৪	নির্ধারিত সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের সকল প্রমাণকসহ নির্ধারিত সময়ের (১৫ অক্টোবর/২০২৩) মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা

৩। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি
বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি, জ্বালানি ও
খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.২০০০

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০
১১ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

৭) মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট

৮) মহাপরিচালক (অতি:দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৯) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

১০) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৩) অফিস কপি

মোঃ শেখ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ শাখা

বিষয়: **২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার অংশ হিসেবে ০১ (এক)টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মপরিকল্পনায় আবষ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.২ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজনের নির্দেশনা রয়েছে। বার্ষিক কর্মসম্পাদন কর্মপরিকল্পনায় আবষ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ২.২ অনুযায়ী জরুরী ভিত্তিতে ০১ (এক)টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, এ বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মপরিকল্পনায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০১ (এক)টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩-৮-২০২৩

উপসচিব
বাজেট অধিশাখা
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোঃ শেখ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৬৫
ইমেইল:
dsadmin1@emrd.gov.bd

ইউ. ও. নোট নম্বর:
২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১৯৩১

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০
২৩ আগস্ট ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১) যুগ্মসচিব, প্রশাসন-২, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

২৩-৮-২০২৩
মোঃ শেখ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব